# পঞ্জিকা
# Calendar

## গ্রেগোরীয় বর্ষপঞ্জী

## Gregorian Calendar

গ্রেগোরীয় বর্ষপঞ্জী (পাশ্চাত্য বর্ষপঞ্জী বা খ্রিষ্টীয় বর্ষপঞ্জী) হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত বর্ষপঞ্জী। ১৫৮২ সালের ২৪ ফেব্রুয়ারি পোপ ত্রয়োদশ গ্রেগোরির এক আদেশনুসারে এই বর্ষপঞ্জীর প্রচলন ঘটে। গ্রেগোরীয় বর্ষপঞ্জীর ব্যাপ্তি ৩৬৫ দিন।



পোপ ত্রয়োদশ গ্রেগোরি

| No. ক্রম | Gregorian Calendar গ্রেগোরীয় সনের মাস | Number of days দিনসংখ্যা | No. ক্রম | Gregorian Calendar গ্রেগোরীয় সনের মাস | Number of days দিনসংখ্যা |
|---|---|---|---|---|---|
| 1 | January | 31 | 7 | July | 31 |
| 2 | February | 28/29 | 8 | August | 31 |
| 3 | March | 31 | 9 | September | 30 |
| 4 | April | 30 | 10 | October | 31 |
| 5 | May | 31 | 11 | November | 30 |
| 6 | June | 30 | 12 | December | 31 |

### Leap Year (অধিবর্ষ)

অধিবর্ষে মোট দিন থাকে ৩৬৬। গেগ্রোরীয় বর্ষপঞ্জীতে প্রতি চার বছরে একবার ফেব্রুয়ারি মাসে এবং বাংলা সনমতে ফাল্গুন মাসে একদিন যোগ করা হয়। অধিবর্ষে ফেব্রুয়ারি এবং ফাল্গুন মাস হয় যথাক্রমে ২৯ এবং ৩১ দিনে।

৪ দ্বারা বিভাজ্য বছরগুলো অধিবর্ষ ধরা হয়। যেমন; ২০১২ সাল অধিবর্ষ। তবে এই নিয়মের ব্যতিক্রমও আছে। যে সব বছর ১০০ দ্বারা বিভাজ্য কিন্তু ৪০০ দ্বারা নয় তাদের অধিবর্ষের তালিকা থেকে বাদ দেয়া হয়। যেমন; ৪ দ্বারা বিভাজ্য হওয়া সত্ত্বেও ১৯০০ সাল অধিবর্ষ নয়। কারণ এটি ১০০ দ্বারা বিভাজ্য ৪০০ দ্বারা নয়।

## MCQ Solution

১. ইংরেজি বর্ষ পরিক্রমায় পরপর দুটি ৩১ দিবস বিশিষ্ট মাস হল ? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক -চিত্র প্রশিক্ষণ ও উপসহকারী-চিত্র : ০৩]

ক) মার্চ, এপ্রিল
খ) জুলাই, আগস্ট
গ) ডিসেম্বর, জানুয়ারি
ঘ) খ অথবা গ

উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com

www.bdniyog.com



২. **How many days are in a leap year?/ অধিবর্ষে কত দিন থাকে?** [Eastern Bank Ltd. Officer: 05]

ⓐ 364 ⓑ 365 ⓒ 366

ⓓ 367 ⓔ None of these **Ans. c**

৩. **কোন সালটি 'লীপ ইয়ার'?** [থানা শিক্ষা অফিসার : ৯৬/ হাইকোর্টের রেজিস্ট্রার : ১৪]

ⓚ ১৯৬৬ ⓚ ১৩০৬

ⓖ ১৭৭০ ⓖ ১৬০০ **উত্তর: ঘ**

৪. **২০০৮ সালটি অধিবর্ষ এবং ১ম দিনটি মঙ্গলবার হলে ৩১ ডিসেম্বর কি বার?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মার্কেটিং) : ০৭-০৮]

ⓚ রবিবার ⓚ সোমবার

ⓖ মঙ্গলবার ⓖ বুধবার **উত্তর: ঘ**

**ব্যাখ্যা :** কোন বর্ষ অধিবর্ষ না হলে ১ জানুয়ারি এবং ৩১ ডিসেম্বর একই বার হবে। কিন্তু বর্ষটি অধিবর্ষ হলে ১ জানুয়ারি বারের সাথে ১ যোগ করলে ৩১ ডিসেম্বর এর বার পাওয়া যাবে।

## বাংলা সন বা বঙ্গাব্দ

## Bengali Calendar



সম্রাট আকবর

ভারতে ইসলামী শাসনামলে হিজরী পঞ্জিকা অনুসারে সকল কাজকর্ম হতো। মোঘল সম্রাট আকবর প্রচলিত হিজরী চান্দ্র পঞ্জিকাকে সৌরপঞ্জিকায় রূপান্তরিত করার সিদ্ধান্ত নেন। সম্রাট আকবর ইরান থেকে আগত বিশিষ্ট বিজ্ঞানী এবং জ্যোতির্বিদ ওমর ফতুল্লাহ শিরাজীকে হিজরী চান্দ্র বর্ষপঞ্জীকে সৌর বর্ষপঞ্জীতে রূপান্তরিত করার দায়িত্ব প্রদান করেন। ওমর ফতুল্লাহ শিরাজীর সুপারিশে সম্রাট আকবর ৯৯২ হিজরী (১৫৮৪ খ্রিস্টাব্দ) - এ বাংলা সৌর বর্ষপঞ্জীর প্রবর্তন করেন। তবে তিনি ২৯ বছর পূর্বে তাঁর সিংহাসনে আরোহণের দিন থেকে এ পঞ্জিকা প্রচলনের নির্দেশ দেন। এজন্য ৯৬৩ হিজরী সাল থেকে বঙ্গাব্দ গণনা শুরু হয়। গ্রেগোরিয়ান সনের মতো বাংলা সনেও মোট ১২টি মাস। বৈশাখ বঙ্গাব্দের প্রথম মাস এবং পহেলা বৈশাখকে নববর্ষ ধরা হয়।

১৯৬৬ সালের ১৭ ফেব্রুয়ারি বাংলা একাডেমি কর্তৃক বাংলা সন সংস্কারের উদ্যোগ নেয়া হয়। ড. মুহম্মদ শহীদুল্লাহর নেতৃত্বাধীন একটি কমিটি বাংলা সন সংস্কার করে। বাংলা সনের ব্যাপ্তি গ্রেগোরিয়ান বর্ষপঞ্জির মতোই ৩৬৫ দিনের।

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



এক নজরে বঙ্গাব্দ

| ক্রম | বাংলা মাসের নাম | দিনসংখ্যা | কাল / ঋতু | গ্রেগোরিয়ান তারিখ অনুসারে মাসের দৈর্ঘ্য |
|---|---|---|---|---|
| ১ | বৈশাখ | ৩১ | Summer গ্রীষ্ম | ১৪ এপ্রিল - ১৪ মে |
| ২ | জ্যৈষ্ঠ | ৩১ | | ১৫ মে - ১৪ জুন |
| ৩ | আষাঢ় | ৩১ | Monsoon বর্ষা | ১৫ জুন - ১৫ জুলাই |
| ৪ | শ্রাবণ | ৩১ | | ১৬ জুলাই - ১৫ অগস্ট |
| ৫ | ভাদ্র | ৩১ | Autumn শরৎ | ১৬ অগস্ট - ১৫ সেপ্টেম্বর |
| ৬ | আশ্বিন | ৩০ | | ১৬ সেপ্টেম্বর - ১৫ অক্টোবর |
| ৭ | কার্তিক | ৩০ | Late Autumn হেমন্ত | ১৬ অক্টোবর - ১৪ নভেম্বর |
| ৮ | অগ্রহায়ণ | ৩০ | | ১৫ নভেম্বর - ১৪ ডিসেম্বর |
| ৯ | পৌষ | ৩০ | Winter শীত | ১৫ ডিসেম্বর - ১৩ জানুয়ারি |
| ১০ | মাঘ | ৩০ | | ১৪ জানুয়ারি - ১২ ফেব্রুয়ারি |
| ১১ | ফাল্গুন | ৩০/৩১ | Spring বসন্ত | ১৩ ফেব্রুয়ারি - ১৪ মার্চ |
| ১২ | চৈত্র | ৩০ | | ১৫ মার্চ - ১৩ এপ্রিল |

## MCQ Solution

১. **Who introduced the Bangla calendar?/ বাংলা পঞ্জিকা কে প্রবর্তন করেন?** [Bank Asia Ltd. MTO : 11]
ⓐ The British ⓑ Bangabandhu Mujib
ⓒ Emperor Akbar ⓓ Nawab Sirajuddawla **Ans. c**

২. **বাংলা সনের প্রবর্তক কে?** [৩১তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ঘ ইউনিট) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সমাজবিজ্ঞান) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (খ ইউনিট) : ০৭-০৮/ আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০৭/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার : ০৬/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৬]
ⓚ লক্ষণ সেন ⓛ সম্রাট আকবর
ⓜ আবুল ফজল ⓝ টোডরমল **উত্তর: খ**

৩. **বাংলা সনের প্রবর্তক কে?** [সহকারী শুল্ক অফিসার : ০৩/ থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ টোডরমল ⓛ ফতেহুল্লাহ সিরাজী
ⓜ আবুল ফজল ⓝ ফৈজী **উত্তর: খ**

৪. **বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন-** [৩১তম বিসিএস/ ২৬তম বিসিএস/১০তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (দর্শন) : ০৭-০৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ঘ ইউনিট) : ০৬-০৭]

**Or,**

**Who introduced Bengali New year (Beginning of 1st Baishakh)?** [IFIC Bank Ltd. Officer (Cash) : 13/ Bangladesh Bank Officer : 01]
ⓐ Akbar ⓑ Sher Shah
ⓒ Lakshan Sen ⓓ Sultan Mahmood **Ans. a**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. **Which Mughal Emperor initiated the celebration of Bengali new year?/ কোন মোঘল সম্রাট বাংলা নববর্ষ চালু করেছিলেন?** [Southeast Bank Ltd. Officer : 11/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer: 08]

ⓐ Shahajahan ⓑ Akbar ⓒ Babar
ⓓ Jahangir ⓔ Humayun **Ans. b**

৬. **1st Baishak is generally celebrated on which English Calendar date?/ পহেলা বৈশাখ উদযাপিত হয় ইংরেজি পঞ্জিকার কোন তারিখে?** [Bangladesh Bank Asst. Director : 01]

ⓐ 21 February ⓑ 26 March
ⓒ 1 April ⓓ 14 April **Ans. d**

৭. **What is the season in Bangladesh now i.e. in the month of May?/ বাংলাদেশের মে মাসে কোন ঋতু থাকে?** [Bangladesh Bank Asst. Director : 01]

ⓐ Autumn ⓑ Winter
ⓒ Spring ⓓ None of these **Ans. d**

ব্যাখ্যা: মে মাস গ্রীষ্মকালের অন্তর্ভুক্ত।

৮. **ড. মুহম্মদ শহীদুল্লাহ কোন সালে বাংলা পঞ্জিকা সংস্কার করেন?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]

ⓚ ১৯৬৩ ⓛ ১৯৬৫
ⓖ ১৯৬৬ ⓘ ১৯৬৮ **উত্তর: গ**

৯. **বাংলা সনের ৩১ দিনের মাস কয়টি?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা : ১০]

ⓚ ৪ মাস ⓛ ৬ মাস
ⓖ ৬ মাস ⓘ ৫ মাস **উত্তর: ঘ**

১০. **শ্রাবণ মাসের আগের ও পরের মাস দুটো হলো-** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) ও উপসহকারী প্রকৌশলী (টিভি) : ০৩]

ⓚ ভাদ্র, আশ্বিন ⓛ আষাঢ়, ভাদ্র
ⓖ পৌষ, মাঘ ⓘ জ্যৈষ্ঠ, আষাঢ় **উত্তর: খ**

১১. **১৯৭১ ইং সনের ১৬ ডিসেম্বর বাংলা কত সন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]

ⓚ ১৩৭৬ ⓛ ১৩৭৭
ⓖ ১৩৭৮ ⓘ ১৩৭৯ **উত্তর: গ**

ব্যাখ্যা: বঙ্গাব্দ নির্ণয়-

ক) খ্রিষ্টীয় বর্ষের তারিখ ১ জানুয়ারি থেকে ১৩ এপ্রিল এর মধ্যে হলে,
বঙ্গাব্দ = খ্রিষ্টীয় বর্ষ - ৫৯৪

খ) খ্রিষ্টীয় বর্ষের তারিখ ১৪ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বর এর মধ্যে হলে,
বঙ্গাব্দ = খ্রিষ্টীয় বর্ষ - ৫৯৩

প্রশ্নে উল্লিখিত তারিখ ১৬ ডিসেম্বর এবং খ্রিষ্টীয় বর্ষ ১৯৭১
বঙ্গাব্দ = ১৯৭১ - ৫৯৩ = ১৩৭৮ বঙ্গাব্দ

১২. **২৪ এপ্রিল ২০০৯ তারিখে বাংলা সনের কত তারিখ কোন মাস?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]

ⓚ ৮ই বৈশাখ ⓛ ৯ই বৈশাখ
ⓖ ১০ই বৈশাখ ⓘ ১১ই বৈশাখ **উত্তর: ঘ**

ব্যাখ্যা : ১৪ এপ্রিল পহেলা বৈশাখ হলে ২৪ এপ্রিল হবে ১১ বৈশাখ।

BCS Spotlight
Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



# হিজরি বর্ষপঞ্জী

## Islamic Calendar

ইসলামি বর্ষপঞ্জি (হিজরী বর্ষপঞ্জী নামেও পরিচিত) একটি চন্দ্রনির্ভর বর্ষপঞ্জী। ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর (রা :) ৬৩৮ খ্রিষ্টাব্দে হিজরী সন প্রবর্তন করেন। তবে হযরত মুহাম্মদ (সা :) মক্কা থেকে মদিনায় হিজরতের দিন (৬২২ খ্রিস্টাব্দ) থেকে ইসলামি সন গণনা করা হয়।
হিজরী বর্ষপঞ্জীর ব্যাপ্তিকাল ৩৫৪ বা ৩৫৫ দিন। এতে মোট ১২টি মাস আছে। ইসলামি বর্ষপঞ্জীর মাসগুলো যথাক্রমে নিম্নরূপ-

| | | | |
|---|---|---|---|
| 1 | Muharram (মুহররম) | 7 | Rajab (রজব) |
| 2 | Safar (সফর) | 8 | Sha'aban (শাবান) |
| 3 | Rabi' I (রবিউল আউয়াল) | 9 | Ramadan (রমজান) |
| 4 | Rabi' II (রবিউস সানি) | 10 | Shawwal (শাওয়াল) |
| 5 | Jumada I (জমাদিউল আউয়াল) | 11 | Dhu al-Qi'dah (জিলকদ) |
| 6 | Jumada II (জমাদিউস সানি) | 12 | Dhu al-Hijjah (জিলহজ্জ) |

## MCQ Solution

১. **কত খ্রিস্টাব্দ থেকে হিজরী সন গণনা করা হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৫-১৬/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (কাবেরিয়া) : ১২/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬/ সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার : ৯৮]

ⓚ ৬০০ খ্রিস্টাব্দ ⓛ ৬২২ খ্রিস্টাব্দ
ⓖ ৬২৪ খ্রিস্টাব্দ ⓜ ৬২৫ খ্রিস্টাব্দ **উত্তর: খ**

২. **কোন খলিফার সময় হিজরী সন প্রবর্তন করা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০২ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]

**অথবা,**

**হিজরি সন কে প্রবর্তন করেন? (Who introduced the Hijri era?)** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]

ⓐ হজরত ওমর (রা.) (Hazrat Omar [ r.])
ⓑ হজরত আলী (রা.) (Hazrat Ali [r.])
ⓒ হজরত আবু বকর (রা.) ( Hazrat Abu Bakar [r.])
ⓓ হজরত ওসমান (রা.) (Hazrat Uthman [r.]) **Ans. a**

৩. **What is the number of Ramadan month in the Islamic Calendar? / ইসলামী পঞ্জিকা অনুসারে রমজান মাসের ক্রম কত?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 13]

ⓐ 8th ⓑ 9th
ⓒ 10th ⓓ 11th **Ans. b**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner